ঝিনাইদহের হাটগোপালপুরে শাহ্জালাল ইসলামী ব্যাংকের শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহে হাটগোপালপুর শাহ্জালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।
আজ মঙ্গলবার বিকেলে ব্যাংক কার্যালয়ে দুই শতাধিক কম্বল বিতরণ করা হয়।
এ সময় ব্যাংকের ব্যবস্থাপক শফিকুল ইসলাম বখতিয়ার, হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই রবি শংকর নাগ, এডভোকেট আবদুর রশিদ, বিশিষ্ট ব্যবসায়ী আরব আলী, সমাজসেবক মহিউদ্দিন টিটুসহ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।
আলোচনা সভা শেষে দুই শতাধিক দুস্থ অসহায় শীতার্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।
শীতবস্ত্র পেয়ে অসহায় মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।উল্লেখ্য, দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানটি সুনামের সাথে মানুষের কল্যাণে সেবামূলক সকল কর্মকান্ড চালিয়ে যাচ্ছে।

করোনা সংক্রমণ বাড়ছে: ১৩ জানুয়ারি থেকে ১১ বিধি-নিষেধ

আবারও বাড়ছে করোনা সংক্রমণ। আতঙ্ক ছড়াচ্ছে করোনার নতুন ধরন ওমিক্রন। এবার করোনা রোধে ১১টি বিধি-নিষেধ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। যা আগামী ১৩ জানুয়ারি থেকে কার্যকর হবে।

গতকাল সোমবার (১০ জানুয়ারি) সন্ধ্যায় মন্ত্রিপরিষদ বিভাগ এই বিধি-নিষেধ জারি করে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, জনসাধারণকে অবশ্যই বাড়ি বাইরে গেলে মাস্ক পরিধান করতে হবে। স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিতে সারা দেশে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ ও

Rapid Antigen Test

সংশ্লিষ্টদের সচেতন করার আহ্বান জানানো হয়েছে। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে এ বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হয়েছে।

শৈলকুপায় ৪ দিনেও আটক হয়নি অবৈধ ঘাতক ট্রাক্টর

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাক্টরে পিষ্ঠ হয়ে মারা যাওয়ার ৪দিন অতিবাহিত হলেও ঘাতক ট্রাক্টরটি আটক করা হয়নি। বহাল তবিয়তে এখনো ট্রাক্টরটি আশা ইট ভাটা কাজীপাড়া শৈলকুপায় রয়েছে । ট্রাক্টরটি কেন আটক করা হচ্ছে না এ নিয়ে নানা প্রশ্ন দেখা দিয়েছে সাধারণ মানুষের মধ্যে ।

কিভাবে এই ঘাতক ট্রাক্টরটি সেনা সদস্যের স্ত্রীকে পিষে দিল তার ভিডিও ফুটেজ এখন শৈলকুপার সাধারণ মানুষের হাতে হাতে। ঘাতক ট্রাক্টরের মালিক প্রভাবশালী হওয়ায় ট্রাক্টরটি থানা হেফাজতে নিচ্ছে না বলে এলাকাবাসির অভিযোগ।

সেনা সদস্য রাজিবের চাচাত ভাই আবুল হোসেন বলেন, রাজিবের স্ত্রী মারা যাওয়ার কয়েকদিন আগে তার মাও মারা গিয়েছেন। আবার রাজিবের অবস্থাও আশংকাজনক তাই এখনো থানায় অভিযোগ দায়ের করা হয়নি । তবে আমরা অবশ্যই কিছুদিনের মধ্যে অভিযোগ দায়ের করবো।

এ ব্যাপারে শৈলকুপা থানার ওসি রফিকুল ইসলাম বলেন, এখনো কোন অভিযোগ আসেনি তাই মামলা হয়নি। আমরা এই মারা যাওয়ার বিষয়ে কিছুই জানতাম না, আপনাদের মাধ্যমে শুনছি। তবে বিষয়টি খতিয়ে দেখছি।

উল্লেখ্য, ঝিনাইদহের শৈলকুপায় ইট ভাটার মাটি টানা ট্রাক্টরের চাকায় পিষ্ঠ হয়ে মারা যায় এক সেনা সদস্যের স্ত্রী। শুক্রবার বিকালে আহত হওয়ার পর তাকে যশোর সিএমএইচ হাসপাতালে ভর্তি হওয়ার পর তিনি মারা যান। নিহত সেনা সদস্যের স্ত্রী শাহানারা (৩৫) খাতুন বালিয়াকান্দি উপজেলার চর দক্ষিণ বাড়ি গ্রামের মেছের আলীর মেয়ে।

সেনা সদস্য রাজিব কালুখালী উপজেলার মোহনপুর গ্রামের তাজু মন্ডলের ছেলে। রাজিবও যশোর সিএম এইচ হাসপাতালে মৃত্যুর সাথে লড়ছে।

মেহেরপুরে গুরু মা সীমার নির্যাতনের প্রতিবাদে হিজড়াদের সংবাদ সম্মেলন

` গুরু মা হঠাও, দেশ বাঁচাও’ স্লোগান তুলে গুরু মা সীমা হিজড়ার নির্যাতন ও তার কর্তৃত্ববাদী শাসনের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন মেহেরপুরের হিজড়া সস্প্রদায়ের সদস্যরা।

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে রেখা হিজড়ার নেতৃত্বে ১২ জন হিজড়া সংবাদ সম্মেলনে বক্তব্য দেন।

বক্তব্য দিতে গিয়ে সীমা হিজড়ার অন্যায়, অত্যাচারের বর্ণনা দিতে গিয়ে অনেকেই কেঁদে ফেলেন এবং প্রশাসনের কাছে তার বিচারের দাবি করেন।

এ সময় সিমরান হিজড়া বলেন, রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে লাঞ্ছনা সহ্য করে আমরা গ্রামে গ্রামে কাজ করে আয় করি। আর গুরুমা সব টাকা নিয়ে নেই। গুরুমা রা রাজতন্ত্র প্রথা চালু করে আমাদের নির্যাতন করে। আমরা প্রতিবাদ করলে হিজড়া সন্ত্রাসী ভাড়া করে নিয়ে এসে আমাদের নির্যাতন করে।

সোহাগী হিজড়া বলেন, সীমা হিজড়া আমার গুরু মা। আমাকে তিনি হুমকি দেন, সবসময় ভয়ভীতি দেখান। আমি পুলিশ সুপারের কাছে হাতজোড় করে আবেদন করছি যাতে এই গুরুমা আমাদের নির্যাতন করতে না পারে এবং তার অধিনে যাতে থাকতে না হয় তার আবেদন করছি।

সন্ধ্যা বলেন, দুই লাখ টাকা নিয়ে তাঁকে ১০টা গ্রামে কাজ করতে দেয়। তারপরও ইনকামের টাকা সীমা কেড়ে নেয়। আমরা হিজড়া ছিলাম না, আমাদের হিজড়া বানানো হয়েছে তার স্বার্থ রক্ষার জন্য। আমরা তার

বিচার চাই।

সুরভী বলেন, আমি বিয়ে বাড়িতে নাচ করে বেড়াতাম। আমি পুরুষ ছিলাম। সে আমাকে প্রলোভন দিয়ে হিজড়া বানিয়ে এক লাখ টাকা নিয়েছে। পরে যখন হিজড়া হয়ে গ্রামে গ্রামে কাজ করতে যায় তখন তার লোকজন দিয়ে আমাকে মারধর করে।

সংবাদ সম্মেলনে আরো বক্তব্য দেন লিপি, সুমী, রেখা, নুপুর, পিংকি, রুবিনা ও অন্তরা। তারা বলেন, আমরা মানুষের বাড়ি বাড়ি গিয়ে নবজাতক সন্তানদের নাচিয়ে টাকা ইনকাম করি। গুরু মার নির্দেশে মানুষের সাথে খারাপ আচরণ করে টাকা নিতে হয়। প্রতিদিন ২০ থেকে ৩০ হাজার টাকা আমরা দুটি উপজেলা থেকে ইনকাম করে নিয়ে আসি। সেখান থেকে তিনি আমাদের মাত্র ৫ হাজার টাকা দেন। আর বাকিটা তিনি তার পৌষ্য কন্যার কাজে দিনাজপুরে পাঠিয়ে দেন। আমরা তার কথামত ইনকাম না করে আনলে আমাদের উপর নির্যাতন শুরু করে। আমরা নিজেরা বাচ্চা নাচালে যে যা খুশি হয়ে দেবে আমরা তা নিয়েই নিজের জীবন জীবিকা নির্বাহ করবেন বলে জানান। তিনি রাজতন্ত্র কায়েম করে আমাদের চালাতে চান।

তবে এ ব্যাপারে সীমা হিজড়ার সাথে যোগাযোগ করলে সে প্রথমে ঔধ্বত্যপূর্ণ আচরণ করেন। পরে বলেন, আমার বিরুদ্ধে যারা বলেছেন তারা মিথ্যা বলেছেন। হিজড়া সম্প্রদায়ের নিয়ম আছে সে নিয়মেই তাদের চলতে হয়।

গাংনীতে জমি দখল নিয়ে সংঘর্ষে উভয়পক্ষের ১৫ জন আহত

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে জমি দখলকে কেন্দ্র করে উভয় পক্ষের সংঘর্ষে কমপক্ষে ১৫ জন আহত হয়েছেন।

মঙ্গলবার সকাল ৮টার দিকে গ্রামের মোল্লাপাড়ায় এই সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি

করা হয়েছে। পরে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

সংঘর্ষে আহতরা হলেন, তেঁতুলবাড়ীয়া মোল্লাপাড়ার জাহাঙ্গীর হোসেন (৫০), সুমন হোসেন (৩৪), কাফিরুল ইসলাম(৩৫), বুদু হোসেন(৪৬), নাজিম উদ্দিনি(৩৫), সামসুল হক (৫৮), আজিজুল হক(৪৫), হাফিজুল (৫০), কাউছার আলী (৩৭), পাতান আলী (৪৫), সোহেল (১৯) । আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে কাফিরুল , বুদু ও সামসুলের অবস্থা গুরতর হওয়ায় তাদের কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত কাফিরুল ইসলাম জানান, দীর্ঘ দিন যাবৎ তাদের ক্রয়কৃত ৬৭ শতক শরীকানা জমি নিয়ে বিরোধ চলে আসছিল তাদের মধ্যে। জমি রাজনৈতিক প্রভাব দেখিয়ে জবরদখল করে রাখে প্রতিপক্ষরা। এঘটনায় আমরা গত সোমবার গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করলে গাংনী থানা পুলিশ উভয় পক্ষের কাগজ পত্র দেখে আমাদের পক্ষে রায় দেয়। পরে প্রতিপক্ষরা এক মাসের মধ্যে জমি ছেড়ে দেওয়ার কথা বলে। বিরোধপূর্ণ ওই জমিতে তারা চাষ করতে গেলে আমরা বাধাঁ দিই। এসময় তাদের লোকজনের মধ্যে তেঁতুলবাড়ীয়া গ্রামের হজরত আলীর নেতৃত্বে সোনা, মঙ্গল, সোনাতন আলীর ছেলে আজগর আলী, তাহের আলী, মহন আলীর ছেলে আসাদুল ইসলাম, মৃত জানবার আলীর ছেলে ভাদু, পাতান আলী, মনোরদ্দিন রামদা, লাঠি সোটা নিয়ে জবর দখল করতে যায়। কথাকাটির এক পর্যায়ে হজরত আলীর দলবল বাড়ীতে হামলা চালায়।

তবে অভিযুক্ত হযরত আলীর লোকজন অন্যত্র চিকি]সা নেওয়ায় তাদের বক্তব্য পাওয়া যায়নি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সংঘর্ষের খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। আহতরা গাংনী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এখনও কোন পক্ষ অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কুষ্টিয়ার অনিক মাহমুদ পেলেন বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড

বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড-২০২১ সম্মাননা স্মারক লাভ করেছে কুষ্টিয়ার অনিক মাহমুদ। বিশেষভাবে সক্ষম ক্যাটাগরিতে বিজয়ী অনিক মাহমুদকে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

শনিবার রাজধানীর আগারগাঁওয়ের বাংলাদেশ ফিল্ম আর্কাইভ মাল্টিপারপাস অডিটোরিয়ামে বিজয়ী অনিক মাহমুদের হাতে এই অ্যাওয়ার্ড তুলে দেন তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর উদ্যোগে ৭ম বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড-২০২১ সারাদেশ থেকে বিশেষভাবে সক্ষম ক্যাটাগরিতে বিজয়ী অনিক মাহমুদকে এই সম্মাননা স্মারক প্রদান করা হয়। এছাড়াও সেরা ৯৯ ব্যক্তি ও প্রতিষ্ঠানকেও পুরস্কার দেওয়া হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বেসিস সভাপতি সৈয়দ আলমাস কবীর, বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড-২০২১-এর উপদেষ্টা ও বেসিসের জ্যেষ্ঠ সহ-সভাপতি ফারহানা এ রহমান এবং বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড-২০২১-এর প্রধান বিচারক ও বেসিসের সাবেক সভাপতি রফিকুল ইসলাম রাওলি, ব্যাংক এশিয়ার প্রেসিডেন্ট ও ব্যবস্থাপনা পরিচালক আরফান আলী, ব্যাংক এশিয়ার সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট জিয়া আরফিন, মাস্টারকার্ড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর সৈয়দ মোহাম্মদ কামাল এবং বেসিস সহ-সভাপতি (প্রশাসন) শোয়েব আহমেদ মাসুদ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমদ‍ পলক বলেন, প্রতিবন্ধী হয়েও ফ্রিল্যান্সিং কাজ করে সফলতা লাভ করেছে কুষ্টিয়ার অনিক মাহমুদ। তাঁর শারীরিক বাধা কোনো ‘বাধা’ হয়ে ওঠেনি। ঘরে বসেই ই শিখন নামক ওয়েবসাইট থেকে কাজ শিখে নিজে আয় করার পাশাপাশি আরও অনেকের আয়ের ব্যবস্থা নিশ্চিত করেছেন এই তরুণ। অনলাইন মার্কেটপ্লেস ফাইভার ও আপওয়ার্কে কাজ করে তিনি নিজের পায়ে দাঁড়িয়ে আরও তরুণের কর্মসংস্থান সৃষ্টি করেছে যা সত্যিই প্রশংসনীয়।

তিনি আরও বলেন, নিজের শারিরীক প্রতিবন্ধকতার কাছে হার মানেননি

অনিক মাহমুদ। মনোবল হারাননি সে। অদম্য লড়াকু অনিক মাহমুদ এখন সফল ফ্রিল্যান্সার। অনেকের আইডলও বটে। প্রতিমন্ত্রী জুনাইদ আহমদ‍ পলক আরও বলেন, সরকার ২০২৫ সালের মধ্যে অন্তত এক লাখ ফ্রি-ল্যান্সারদের উদ্যোক্তা হিসেবে তৈরি করতে চায়। আর এর জন্য তিনি বেসিসের মাধ্যমে ফ্রি-ল্যান্সারদের প্রস্তাবনা দেওয়ার জন্য আহ্ববান জানান তিনি।

এবার বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড-২০২১-এর কার্যক্রম ২৭ অক্টোবর ২০২১ থেকে নিবন্ধনের মাধ্যমে শুরু হয় এবং ১৮ই নভেম্বর পর্যন্ত অব্যাহত থাকে। এ সময়ে চৌদ্দ শতাধিক ব্যক্তি ও প্রতিষ্ঠান বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড ২০২১’ এর নিবন্ধন করেন। এর মধ্যে থেকে বিচারকমণ্ডলীর মাধ্যমে ধাপে ধাপে যাচাই বাছাই করে, প্রতিষ্ঠান পর্যায় ও ব্যক্তি পর্যায়, এ দুটি ভাগে, সাত ক্যাটাগরিতে মোট ৯৯টি অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

কোটচাঁদপুরে বর্ণাঢ্য আয়োজনে “ডিজিটাল বাংলাদেশ” দিবস পালিত

“ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে “ডিজিটাল বাংলাদেশ” দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে রোববার সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ চত্তরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তর্বক অর্পণ শেষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সহকারী প্রোগ্রামার মোঃ জিয়াউল ইসলাম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম। আগত অতিথিবৃন্দ বিটিভির সৌজন্যে প্রজেক্টারের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশের জাতীয় অনুষ্ঠান উপভোগ করেন।

এসময় উপস্থিত ছিলেন, মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়া, তথ্যসেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, মডেল সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী। আলোচনা সভা শেষে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ঘন কুয়াশার চাদরে হিলি

দিনাজপুর জেলা হিমালয়ের কাছে হওয়ায় হিলিসহ পাশের জেলা ও উপজেলাতে শীতের প্রকোপ আগেই শুরু হয়েছে। দিন দিন বাড়তে শুরু করেছে শীতের তীব্রতা ও ঘন কুয়াশা। কোনো কোনো দিন সূর্যের দেখা মিলছে না দুপুর পর্যন্ত। সন্ধ্যা থেকে সকাল পর্যন্ত শীত থাকছে।

এদিকে ঘনকুয়াশার কারণে সকালেও হেডলাইট জ্বালিয়ে চলছে যানবাহন। কুয়াশার কারণে যাত্রীও কম হচ্ছে বাসগুলোতে। নিম্নআয়ের লোকেরা শীতের কারণে সকালে বাড়ির বাইরে যেতে পারছেন না। ফলে সাধারণ কাজ-কর্ম ব্যাহত হচ্ছে।

অন্যদিকে শীত বাড়তে শুরু করায় দিনাজপুরে হিলিসহ আশেপাশের বাজারগুলোতে গরম কাপড়ের দোকানগুলোতে বিকিকিনি বেড়েছে।

দিনাজপুর আবহাওয়া অফিসের কর্মকর্তা তোফাজ্জল হোসেন জানান, শুক্রবার সকাল ৬টায় তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসের আর্দ্রতা ৯৮ শতাংশ।

কুমিল্লায় সন্ত্রাসীদের গুলিতে কাউন্সিলরসহ দুজন নিহত

দিনদুপুরে সন্ত্রাসীদের গুলিতে কুমিল্লা সিটি করপোরেশনের (কুসিক) ১৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ মোহাম্মদ সোহেল (৫০) সহ দুজনকে হত্যা করা হয়েছে। হামলাকারীদের পিস্তলের ৯টি গুলি সোহেলের শরীরের বিভিন্ন অংশে বিদ্ধ হয়। এর মধ্যে দুটি গুলি সোহেলের মাথায়, দুটি বুকে, অন্য পাঁচটি পেট ও শরীরের বিভিন্ন স্থানে লাগে।

গতকাল সোমবার বিকেল ৪টার দিকে নগরীর পাথরিয়াপাড়া থ্রি স্টার এন্টারপ্রাইজে কাউন্সিলর কার্যালয়ে এ গুলির ঘটনা ঘটে। সন্ত্রাসীদের গুলিতে নিহত হয়েছেন সোহেলের সহযোগী আওয়ামী লীগ কর্মী হরিপদ সাহাও (৫৫)। কাউন্সিলর সোহেল কুমিল্লা মহানগর আওয়ামী লীগের সদস্য ও ওই ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ছিলেন। নিহত হরিপদ সাহা নগরীর ১৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য এবং নবগ্রাম এলাকার বাসিন্দা। তার বুকে ও পেটে গুলি লেগেছিল। এছাড়া এ ঘটনায় গুলিবিদ্ধ আরো অন্তত ৬ জন কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

এদিকে, এ ঘটনায় এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে। এ ঘটনার পর ওই ওয়ার্ডের সুজানগর, পাথুরিয়াপাড়া, বউ বাজা ও পাশের সংরাইশ এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার বিকেলে কাউন্সিলর সোহেল নিজ কার্যালয়ে বসে রাজনৈতিক কর্মীদেরকে নিয়ে একটি বৈঠক করছিলেন। এ সময় ৪টি মোটরসাইকেল করে আসা অন্তত ১০ জন কালো মুখোশধারী সন্ত্রাসী ওই কাউন্সিলরকে লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি ছুঁড়তে থাকে। এতে গুলিবিদ্ধ সোহেল সঙ্গে সঙ্গেই নিজের চেয়ার থেকে মাটিতে লুটিয়ে পড়েন। গুলির আওয়াজে আশপাশের মানুষ ঘটনাস্থলে গেলে হামলাকারীরা সীমান্তবর্তী বউবাজার এলাকার দিকে পালিয়ে যায়। এ সময় হামলাকারীরা গুলি ও ককটেল বিস্ফোরণ ঘটায়। পরে স্থানীয়রা

গুলিবিদ্ধ কাউন্সিলরসহ আহতদের উদ্ধার করে কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে ওই দুজনের মৃত্যু হয়।

হামলায় গুলিবিদ্ধ জুয়েল মিয়া বলেন, আওয়াজ শুনে রাস্তায় বের হয়ে দেখি সন্ত্রাসীরা এলোপাতাড়ি গুলি চালাচ্ছেন। এ সময় আমার পায়ে গুলি লাগে। তারপর কী হয়েছে বলতে পারছি না।

কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক ডা. মো. মহিউদ্দিন বলেন, কাউন্সিলর সোহেল ও হরিপদ সাহা আমাদের হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) মারা গেছেন। কাউন্সিলর সোহেলের শরীরে ৯টি গুলি লেগেছে। আমরা অনেক চেষ্টা করেও তাকে বাঁচাতে পারিনি। দুজনের লাশ হাসপাতালের মর্গে রয়েছে।

এদিকে, সোমবার রাত ১০টা পর্যন্ত পুলিশ এ ঘটনার কারণ সম্পর্কে কিছু নিশ্চিত করতে পারেনি। তবে স্থানীয়রা ধারণা করছেন বালু ব্যবসা, মাদক, ঠিকাদারি ও আধিপত্য বিস্তারের জের ধরে ওই কাউন্সিলরকে হত্যা করা হয়েছে।

কুমিল্লার পুলিশ সুপার ফারুক আহমেদ বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে মাঠে রয়েছেন পুলিশের অতিরিক্ত সদস্যরা। পাশাপাশি অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরাও মাঠে রয়েছেন। এ ঘটনায় জড়িতদের শনাক্তের চেষ্টা চলছে।

করোনায় সংক্রমিত প্রথম মানুষের সন্ধান

অবশেষে করোনায় সংক্রমিত প্রথম মানুষটির সন্ধান মিলল। জানা গেছে, চীনের উহানে একটি বাজারে সামুদ্রিক খাবারের নারী বিক্রেতাই বিশ্বে প্রথম করোনা সংক্রমিত।

এর আগে বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্টে উঠে এসেছিল, এক হিসাবরক্ষকের কথা। এতদিন তাকেই দুনিয়ার প্রথম করোনা সংক্রমিত মানুষ হিসেবে মনে করা হচ্ছিল। কিন্তু সাম্প্রতিক গবেষণা বলছে, তা

ছিল ভুল। খবর নিউইয়র্ক টাইমসের।

২০১৯ সালে চীনের এই উহান শহর থেকেই প্রথম করোনা সংক্রমণ ছড়ানো শুরু হয়েছিল। তারপর তা গোটা বিশ্ব জুড়ে ছড়িয়ে পড়ে।

এতদিন প্রথম করোনা রোগী হিসেবে যাকে ভাবা হয়েছিল, পেশায় হিসাবরক্ষক সেই ব্যক্তি জানিয়েছেন, ৮ ডিসেম্বর তার প্রথম উপসর্গ দেখা দেয়। যদিও তখনও করোনা মহামারি আকারে ছড়িয়ে পড়েনি।

সম্প্রতি এক গবেষণায় উঠে এসেছে, ২০১৯ সালের ১১ ডিসেম্বর উহানের বাজারে সামুদ্রিক খাবার ফেরি করা ওই নারীসহ আরও কয়েকজনের মধ্যে করোনা সংক্রমণের উপসর্গ দেখা দিয়েছিল।

আমেরিকার অ্যারিজোনা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মাইকেল ওরোবি বিশ্ব স্বাস্থ্য সংস্থার গবেষণা এবং এই সংক্রান্ত আরও গবেষণাকে গাণিতিক ভাবে বিশ্লেষণ করে নয়া সিদ্ধান্তে উপনীত হয়েছেন।

এ বছর জানুয়ারি মাসে বিশ্ব স্বাস্থ্য সংস্থার বাছাই করা গবেষকরা চীন সফর করেন। সেখানেই তারা ওই হিসাবরক্ষকের সাক্ষাৎকার নেন।

তখন জানা যায়, ওই হিসাবরক্ষকের শরীরে ২০১৯ সালের ৮ ডিসেম্বর প্রথম করোনার উপসর্গ দেখা দেয়। এ বছরের মার্চে প্রকাশিত রিপোর্টে তাকেই পৃথিবীর প্রথম করোনা সংক্রমিত ব্যক্তি হিসেবে তুলে ধরা হয়।

কিন্তু বিশ্ব স্বাস্থ্য সংস্থার পাঠানো দলের অন্যতম সদস্য পিটার ডাসজ্যাক জানাচ্ছেন, তিনি ওরোবির বিশ্লেষণ অধ্যয়ন করেছেন এবং তাতে সন্তুষ্ট। তার মতে ৮ ডিসেম্বরের হিসেবে সত্যিই কোনও গোলমাল ছিল।